স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

ষষ্ঠ পত্র (6th Paper : **Natak O Moncho Ebong Sahityer Rupabhed**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটিকে ট্রাজেডি হিসেবে চিহ্নিত করা যাবে কি ? উপযুক্ত যুক্তিসহ আলোচনা করুন।

(খ) 'রথের রশি' নাটকের 'রূপক-সাংকেতিক' গোত্র পরিচয়টি কি যথার্থ বলে আপনি মনে করেন ? রূপক-সাংকেতিক নাটকের সাধারণ বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করে আপনার মত প্রতিষ্ঠা করুন।

(গ) সমকালীন সমাজ ও নাট্য আন্দোলনে 'নবান্ন' নাটকের প্রভাব অনস্বীকার্য। কিন্তু শিল্প হিসেবে এ নাটকের দুর্বলতাগুলি প্রকট। — এ মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) ন্যাশনাল থিয়েটার (১৮৭২) প্রতিষ্ঠার পূর্বকালে বাঙালির নাট্যচর্চা বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন।

(ঙ) ঐতিহাসিক উপন্যাস-এর বৈশিষ্ট্য কী ? উনিশ শতকের কয়েকটি ঐতিহাসিক উপন্যাস-প্রসঙ্গ আলোচনা করে বুঝিয়ে দিন কেন উনিশ শতকের শেষ পর্বে এ ধরনের উপন্যাস জনপ্রিয় হয়ে উঠেছিল।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) গীতিকবিতার চরিত্র-লক্ষণগুলি সংক্ষেপে লিখুন। গীতিকবিতা কত ধরনের হতে পারে উদাহরণসহ আলোচনা করুন।

(খ) বিশ শতকের বাংলা নাট্য-জগতে শম্ভু মিত্র এবং উৎপল দত্তের অবদানের একটি তুলনামূলক বিচার করুন।

(গ) আত্মজৈবনিক উপন্যাস কাকে বলে ? বিশ শতকের অন্তত দুটি এমন উপন্যাসের প্রসঙ্গ আলোচনা করে এই বর্গটির ধরন-ধারণ বুঝিয়ে দিন।

(ঘ) 'নবান্ন' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের মুন্সিয়ানা বিচার করুন।

(ঙ) 'রথের রশি' নাটকের প্রতিনিধিস্থানীয় চরিত্রদের সংক্ষিপ্ত পরিচয় দিন।

(চ) বাংলা নাটকের ইতিহাসে 'নীলদর্পণের' গুরুত্ব অপরিসীম — এর শিল্পগত ত্রুটিসমূহ সেই গুরুত্বের সামনে উপেক্ষা করাই যায়। — এই মন্তব্যটির সঙ্গে আপনি কি সহমত হবেন ? যুক্তিসহ উত্তর দিন।

(ছ) অ্যারিস্টটলের অনুসরণে ট্রাজেডির সংজ্ঞা দিন। ট্রাজেডির ছয়টি অঙ্গের উল্লেখ করে তাদের পারস্পরিক সম্পর্ক নির্দেশ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) উদ্ভট গল্প রচনায় ত্রৈলোক্যনাথ অথবা রাজশেখর বসুর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করুন।

(খ) বস্তুনিষ্ঠ ও ব্যক্তিগত প্রবন্ধ বলতে কী বোঝায় ? উদাহরণসহ বুঝিয়ে দিন।

(গ) পৌরাণিক নাটক ও ভক্তিমূলক নাটকের পার্থক্য কী ? উদাহরণসহ আলোচনা করুন।

(ঘ) মহাকাব্যের স্বরূপ-লক্ষণগুলি উল্লেখ করুন। এ বিষয়ে ভারতীয় এবং পশ্চিমী ধারণায় কোনো বৈসাদৃশ্য আছে কি ? ৪ + ২

(ঙ) কাব্যধর্মী উপন্যাস নামক কোনো স্বতন্ত্র বর্গের প্রয়োজনীয়তা আছে কি ? কাব্যধর্মী হিসেবে পরিচিত দুটি উপন্যাসের প্রসঙ্গ আলোচনা করে এই বিতর্কে যুক্তিসহ একটি পক্ষ গ্রহণ করুন।

(চ) ''গড় করি তোমায়, দড়ি-নারায়ণ। প্রসন্ন হও।''

— বক্তা কে ? কোন্ প্রসঙ্গে এই আবেদন ? এই উদ্ধৃতিতে বক্তার কোন্ মানসিকতা ফুটে উঠেছে ?

১ + ১ + ৪

(ছ) ''আমাদের কালেজ নাই, কাছারী নাই, ব্রাহ্মসমাজ নাই'' — বক্তা কে ? কি প্রসঙ্গে এই মন্তব্য ? 'কালেজ-কাছারী'র সঙ্গে 'ব্রাহ্মসমাজ'কেও যুক্ত করার তাৎপর্য কী ? ১ + ১ + ৪

(জ) ''এ পোড়া মাটির দেশে আর থাকব না। চল ফিরে যাই।'' — বক্তা কে ? 'পোড়া মাটির দেশ' বলতে কী বোঝানো হয়েছে ? এখানে কোথায় ফিরে যাওয়ার কথা বলা হয়েছে ? এ সংলাপে বক্তার কোন্ মনোভাব পরিস্ফুট হয়েছে ? ১ + ২ + ১ + ২

(ঝ) সঠিক উত্তরটি লিখুন :

i) প্রসন্নকুমার ঠাকুর প্রতিষ্ঠিত নাট্যশালা
- অ) বেঙ্গলী থিয়েটার
- আ) হিন্দু থিয়েটার
- ই) বঙ্গীয় নাট্যশালা।

ii) গণনাট্য সংঘের প্রতিষ্ঠা হয়
- অ) ১৯৪২ সালে
- আ) ১৯৫৪ সালে
- ই) ১৯৪৪ সালে।

iii) কমলকুমার মজুমদারের লেখা উপন্যাস
- অ) হাজার চুরাশির মা
- আ) তিস্তাপারের বৃত্তান্ত
- ই) অন্তর্জলী যাত্রা।

iv) 'লোকরহস্য' গ্রন্থটির রচয়িতা
- অ) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
- আ) হেমেন্দ্র কুমার রায়
- ই) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

v) সতীনাথের 'জাগরী' উপন্যাসটি
- অ) একোক্তিমূলক
- আ) অনেকোক্তিমূলক
- ই) আত্মজৈবনিক।

vi) 'রমলা' উপন্যাসের রচয়িতা
- অ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
- আ) বিভূতিভূষণ মুখোপাধ্যায়
- ই) মণীন্দ্রলাল বসু।